



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৯ ফেব্রুয়ারি ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

রাঙামাটিতে ইউপিডিএফ সদস্যকে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ বুধবার (১৯ ফেব্রুয়ারি ২০২০) এক বিবৃতিতে রাঙামাটি সদর থানার বন্দুকভাঙা ইউনিয়নের সারিক্ষং মুখের বোয়ালছড়ি গ্রামে ইউপিডিএফ সদস্য সুমন চাকমা ওরফে অক্টোবরকে(৩০) হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

ঘটনার বর্ণনা দিয়ে বিবৃতিতে তিনি বলেন, ‘আজ সকাল ৮টার দিকে রূপায়ন চাকমার (উত্তরণ) নেতৃত্বে একটি বিশেষ স্বার্থায়েষী গোষ্ঠীর লেলিয়ে দেয়া একদল সশস্ত্র সন্ত্রাসী স্পীড বোট যোগে এসে বোয়ালছড়ি গ্রামে সাংগঠনিক কাজে নিয়োজিত দুই ইউপিডিএফ সদস্যের উপর অতর্কিতে ব্রাশ ফায়ার করে। এতে সুমন চাকমা ঘটনাস্থলে মারা যান।

‘এরপর সন্ত্রাসীরা অপর এক ইউপিডিএফ সদস্য বাবুছ’ চাকমা ওরফে অর্পণকে (৩১) টেনে হিঁচড়ে মারধর করতে করতে অপহরণ করে নিয়ে যায়।’

বিবৃতিতে তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন, সন্ত্রাসীরা সুবলং বাজারে সশস্ত্র অবস্থায় অবস্থান করলেও প্রশাসন তাদের বিরুদ্ধে কোন পদক্ষেপ গ্রহণ না করায় তারা এ ধরনের খুন-খারাবি চালিয়ে যাচ্ছে।

সচল চাকমা অবিলম্বে সুমন চাকমার খুনীদের বিচারের আওতায় আনার এবং অপহৃত বাবুছ’ চাকমাকে নিঃশর্ত মুক্তির দাবী জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।